# উপজেলা পরিষদ
## ফেঞ্চুগঞ্জ, সিলেট

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা পরিষদের সভাকক্ষ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় ঃ ১২-০১-২০২৩ খ্রি. বেলা: ১২.০০ মিনিট

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

**আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়িকরণ | উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, ডিসেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই। | কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত ডিসেম্বর ২০২২ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় | মুখ্য নির্বাহী কর্মকর্তা ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলার কমিটিসমূহের সুপারিশ | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি |
| ০৩ | সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৪ | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি ডাঃ রাশেদ সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিকল্পনা অফিসারের প্রতিনিধি জনাব মোঃ আব্দুল মুকিত, সহকারী পরিকল্পনা অফিসার সভায় জানান ডিসেম্বর মাস পর্যন্ত গ্রহন কারীর হার ৭৪.৪৩% উন্নীত হয়েছে। মাইজগাঁও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ কর্মসূচির আওতায় প্রসব স্বাভাবিক প্রসব সেবা কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরে ফেঞ্চুগঞ্জে ৩২ হেঃ (২৫০০ বিঘা) জমিতে সরিষা আবাদ হয়েছে। কৃষকরা অভাবনীয় সাফল্য লাভ করেছে। যে বীজ উৎপাদন হবে তার অর্থমূল্য প্রায় ২.৫ কোটি টাকা এবং তেলের মূল্য ক্রয় ৩.৫ কোটি টাকা এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান প্রাণিসম্পদ বিভাগের আওতায় ১২০জন খামারীকে (উৎপাদনকারী দল) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে রোগ প্রতিরোধে টিকা প্রদান কর্মসূচী চলমান রয়েছে। গবাদি পশুর জাত উন্নয়নে ৭৫টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৮ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার |

চলমানপাতা-০২

<table>
<tr><td>০৯</td><td>প্রকল্প বাস্তবায়ন বিভাগ</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান টিআর, কাবিখা, কাবিটার স্কীমসমূহ অনুমোদন পাওয়া গেছে। স্কীম সমূহের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>টিআর, কাবিখা, কাবিটার স্কীমসমূহের কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত হয়।</td><td>প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>১০</td><td>সমাজসেবা বিভাগ</td><td>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান সকল প্রকার ভাতার ২য় কিস্তি পে রোল ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। চা শ্রমিকদের গৃহ নির্মাণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। ঋণ কার্যক্রম এর বিতরন ও আদায় সন্তোষজনক। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
<tr><td>১১</td><td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা অফিসার প্রতিনিধি সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান ১লা জানুয়ারি ২০২৩ তারিখে উৎসব মুখর পরিবেশে সকল প্রাথমিক বিদ্যালয়ে সকল শিক্ষার্থীদের হাতে নতুন তুলে দেয়া হয়েছে। উপজেলা পর্যায়ে বই বিতরণ উৎসব অনুষ্ঠিত হয়। নতুন বৎসরে শ্রেণি কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১২</td><td>মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়কের প্রতিনিধি সভায় জানান ২০২৩-২০২৪ এর VWB কার্যক্রম ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে বাচাই কার্যক্রম শেষ। ২০২১-২০২২ এর VWB এর সঞ্চয় ফেরত দেওয়ার কার্যক্রম চলছে। নতুন করে মা ও শিশু সহায়তা কর্মসূচি বরাদ্দ আসছে। এখন থেকে প্রতিমাসে ১-১৫ তারিখের মধ্যে ইউনিয়ন পর্যায় থেকে আবেদন কার্যক্রম শেষ করে দিতে হবে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার</td></tr>
<tr><td>১৩</td><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যুব উন্নয়ন কার্যালয়ের প্রশিক্ষণ কার্যক্রম ও ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। শেখ হাসিনা ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৩ এর আবেদন এর নিমিত্তে আগ্রহী প্রার্থীদের সাথে যোগাযোগ করা হয়েছে। যুব কল্যান তহবিল থেকে অনুদান প্রাপ্তির জন্য একটি আবেদন পাওয়া গেছে। ৭দিন ব্যাপী প্রাতিষ্ঠানিক প্রশিক্ষন এর ৩য় ব্যাচ ০৮/০১/২০২৩ হতে ১৪/০১/২০২৩ পর্যন্ত চলমান।</td><td>দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>১৪</td><td>জনস্বাস্থ্য বিভাগ</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় নিম্নে চলমান কাজের বিবরণ তুলে ধরেন:<br>১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের (৩য় পর্যায়ের) আওতায় বরাদ্দকৃত ১৩০টি নলকূপ এর মধ্যে ৯৫টি নলকূপ স্থাপন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ২। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" (২য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ৭৯টি নলকূপ এর মধ্যে ৪৮টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ৩। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" (৩য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ১৭০টি নলকূপ এর মধ্যে ১০৮টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ৪। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" এর আওতায় ইম্প্রুভড ল্যাটিন ০৩টির নির্মাণ কাজ চলমান। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা প্রকৌশলী</td><td>উপজেলা প্রকৌশলী সভায় জানান গত নভেম্বর ২০২২ মাসে নিম্নোক্ত ১ ও ২নং প্রকল্পগুলো সংশোধিত হয়ে পিআইসি কমিটি মাধ্যমে বাস্তবায়ন করার জন্য উপস্থাপন করেন এবং ইউজিডিপি প্রকল্পের আওতায় ২০২০-২১(৫ম পর্যায়) নিম্নোক্ত ৪টি বিদ্যালয়ে/মাদ্রাসায় গার্লর্স ফ্যাসিলিটিজ রুমের প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা হয়েছে উক্ত বিল প্রদানের বিষয়ে আলোচনা করেন। তিনি আরোও বলেন গত নভেম্বর ২০২২ মাসে ১৯নং প্রকল্পটি সংশোধিত হবে। এবং নিম্নোক্ত স্কীমসমূহ বাস্তবায়নের জন্য সভায় উত্থাপন করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
<table>
<tr><th>ক্রঃনং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিতমূল্য/ মিটার</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের নিরাপত্তা জন্য সিসি ক্যামেরা স্থাপন ও ইন্টারনেট সংযোগ ১ম অংশ</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের নিরাপত্তা জন্য সিসি ক্যামেরা স্থাপন ও ইন্টারনেট সংযোগের অসাপ্ত ২য় অংশ</td><td>১,০০,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>পূর্ব বাজার সবজি শেড-১ মেরামত এবং সিসি রোড ও ড্রেন নির্মাণ</td><td>২,০০,০০০/</td></tr>
<tr><td>০৪</td><td>পূর্ব বাজার সবজি শেড-২, পূর্ব বাজার মাছের শেড ও পুরাতন টয়লেট মেরামত এবং সিসি রোড ও ড্রেন নির্মাণ</td><td>২,০০,০০০/</td></tr>
<tr><td>০৫</td><td>পূব বাজার খোয় ঘাট হতে বাঁশের আড়ত পর্যন্ত ড্রেন নির্মাণ</td><td>২,০০,০০০/</td></tr>
<tr><td>০৬</td><td>ক) দনারাম উচ্চ বিদ্যালয়েল গার্লর্স ফ্যাসিলিটিজ রুমের প্রয়োজনীয় উপকরণ সরবারহ<br>খ) পিপিএম উচ্চ বিদ্যালয়েল গার্লর্স ফ্যাসিলিটিজ রুমের প্রয়োজনীয় উপকরণ সরবারহ<br>গ) মশাহিদ আলী বালিকা মাদ্রাসায় গার্লর্স ফ্যাসিলিটিজ রুমের প্রয়োজনীয় উপকরণ সরবারহ<br>ঘ). ফরিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়েল গার্লর্স ফ্যাসিলিটিজ রুমের প্রয়োজনীয় উপকরণ সরবরাহ।</td><td>১৫,০০,০০০/-</td></tr>
</table></td><td>গত নভেম্বর/২২ মাসের ১৯নং প্রকল্পটি সংশোধিত হয়ে বর্তমানে পিআইসি ১নং ২নং প্রকল্পগুলো কমিটির মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিল বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং ০৩ নং হতে ০৬ নং প্রকল্পগুলো উপজেলা হাটবাজার তহবিল হতে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ইউজিডিপি প্রকল্পের আওতায় ২০২০-২১(৫ম পর্যায়) ৪টি বিদ্যালয়ে/মাদ্রাসায় গার্লর্স ফ্যাসিলিটিজ রুমের প্রয়োজনীয় উপকরণ সরবরাহের বিল বাবদ ১৫,০০,০০০/-(পনেরো লক্ষ) টাকা চূড়ান্ত অনুমোদনের জন্য পিএমইউতে পাঠানোর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ, মুখ্য নির্বাহী কর্মকর্তা ফেঞ্চুগঞ্জ ও উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমিতির ফেঞ্চুগঞ্জ উপজেলার ৫১ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা বিগত ১১/০১/২০২৩খ্রি. শুরু হয়েছে। ১৬/০১/২০২৩খ্রি. সমাপ্ত হবে। তিনি আরোও বলেন ২০২৩ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক উৎসব প্রতিটি প্রতিষ্ঠানে উৎসাহ উদ্দিপনার মাধ্যমে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেয়া হয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১৭ | বিআর ডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৯ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ২০ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়িমিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ শাখা ব্যবস্থাপক সভায় জানান ঋণ আদায়, ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | সমন্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান ফেঞ্চুগঞ্জ বাজারের দুটি পয়েন্টে ও.এম.এস কার্যক্রম চলছে। তাই ফেঞ্চুগঞ্জ উপজেলার অতিদরিদ্র জনগোষ্ঠী উপকৃত হচ্ছে, এ কার্যক্রমটি ২৮শে ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত চলবে। তিনি আরোও বলেন বর্তমান সংগ্রহ কার্যক্রম চলমান, এ পর্যন্ত ৯ মে.টন ধান সংগ্রহ হয়েছে। বাজারমূল্য বেশী থাকায় কৃষকরা সরকারি গুদামে ধান বিক্রয় অনাগ্রহ প্রকাশ করেছে। কৃষকদের আগ্রহী করে সরকারি ধান মজুদ বৃদ্ধিতে সহযোগিতা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ২৩ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন |
| ২৪ | তথ্য আপা | তথ্য আপা প্রকল্প, ফেঞ্চুগঞ্জ সিলেট সভায় জানান তথ্য আপা প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। বর্তমান মাস থেকে নিয়মিত দুটি করে উঠান বৈঠক হবে, ৫০ জন করে এবং জুন/২৩ মাসের মধ্যে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপস্থিতিতে একটি বিশেষ উঠান বৈঠক করা হবে। এছাড়া স্বাস্থ্যসেবা ক্যাম্প এবং উদ্যোক্তা নিবন্ধনের কাজ গুরুত্ব সহাকারে প্রতিমাসে করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয় | তথ্য আপা ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ২৫ | বিবিধ-০১ | **ক) সম্মানী ভাতা সংক্রান্তঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ এর জানুয়ারি ২০২৩ মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া বাবদ ৪৫,০০০/-, উপজেলা ভাইস চেয়ারম্যান জানুয়ারি ২০২৩ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের জানুয়ারি ২০২৩ মাসের সম্মানী ভাতা মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-<br><br>**খ) মালী ও সুইপার দৈনিক ভিত্তিতে মজুরি প্রদানঃ** উপজেলা পরিষদের একজন মালী ৫৫০/-টাকা হারে জানুয়ারি ২০২৩ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- এবং একজন সুইপারের ৫৫০/-টাকা হারে জানুয়ারি ২০২৩ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়। | উপজেলা রাজস্ব তহবিল হতে সম্মানী ভাতা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা রাজস্ব তহবিল হতে দৈনিক ভিত্তিতে মজুরি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| | বিবিধ-০২ | **গ) উপজেলা প্রশাসনিক ভবনে উপজেলা নির্বাহী অফিসের কক্ষের পাশে সিএ কক্ষ নির্মাণ সংক্রান্তঃ** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান গোপনীয় ও দাপ্তরিক কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য সিএ কক্ষ খুবই প্রয়োজন সে জন্য উপজেলা নির্বাহী অফিসারের কক্ষের পাশে একটি অস্থায়ী বসার স্থান নির্মাণ করার জন্য সভায় আলোচনা করেন।<br><br>**ঙ) আনসার ভবনের বিদ্যুৎ বিল প্রদান সংক্রান্তঃ** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে নিরাপত্তা খাত (আনসার) ব্যয় করা যাবে। সে মোতাবেক আনসার ভবনের বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সভায় আলোচনা করা হয়। আনসার ভবনের বিদ্যুৎ বিল হিসাব নং ৫০১-৩৬৭০ বিদ্যুৎ বিল বাবদ ৩৬৬/- টাকা পরিশোধের জন্য সভায় উত্থাপন করেন। | সভায় আলোচনান্তে গনং উপজেলা নির্বাহী অফিসারের কক্ষের পাশে সিএ এর কক্ষ নির্মাণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় আলোচনান্তে আনসার ভবনের বিদ্যুৎ বিল বাবদ ৩৬৬/-টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ ও উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ-০৭ | **উপজেলা পরিষদের মাসিক সভায় সদস্য কপ্ট সংক্রান্ত ঃ** অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান, জনাব মোঃ নুরুল ইসলাম, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ সভায় জানান যে, জেলা পরিষদের সদস্য জনাব নাহিদ হাসান চৌধুরীকে উপজেলা পরিষদের মাসিক সভায় সম্মানীত মেহমান হিসাবে কপ্ট করার জন্য সভায় আলোচনা করেন।<br>**উপজেলা পরিষদের সামনে পুকুর পরিষ্কার করণঃ** অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান, জনাব মোঃ নুরুল ইসলাম, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদের সামনে পুকুরটি কচুরিপনায় ভরে গেছে। উক্ত পুকুরটি পরিষ্কার করার জন্য সভায় আলোচনা করেন। | সভায় আলোচনান্তে জেলা পরিষদের সদস্য জনাব নাহিদ হাসান চৌধুরীকে উপজেলার মাসিক সভায় সম্মানীত মেহমান হিসাবে কপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় আলোচনান্তে উপজেলা পরিষদের কচুরিপনা পরিষ্কার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

**সভাপতির সমাপনী বক্তব্য ঃ** অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। তিনি ২০২২-২৩ অর্থ বছরের অনুমোদিত উপজেলা বার্ষিক উন্নয়ন প্রকল্প অতিক্রান্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আরোও অবগত করেন যে, বর্তমানে সারাবিশ্বে বিদ্যুৎ সংকটের কারনে লোডশেডিং হচ্ছে তাই প্রয়োজন ব্যতিত বিদ্যুৎ অপচয় না করে বিদ্যুৎ সাশ্রয়ী হওয়ার জন্য অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০২/২০২৩

মোঃ নুরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট
০১৭১১-৮৬৬৭৯২
E-mail: upazilaparishadfenchu1990@gmail

চলমানপাতা -০৫

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব মোছাঃ মোহিনী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব এনায়েত আহমদ রাসেল, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, ২নং মাইজগাও ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | জনাব মোহাম্মদ এমরান উদ্দিন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব সীমা শারমিন, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি ডা. রাশেদ, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতার প্রতিনিধি জনাব আব্দুল মুকিত সহকারী  পরিবার পরিকল্পনা কর্মকতা, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | ডা. ইকবাল হোসেন, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | জনাব ফারহানা বিনতে রশিদ, উপজেলা মৎস্য অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৬ | জনাব সুব্রত দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৭ | জনাব সুদর্শন সরকার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ |
| ০৮ | জনাব জনি রঞ্জন দে, উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৯ | উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, ফেঞ্চুগঞ্জ |
| ১০ | জনাব সৈয়দ নূরুল হুদা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ১১ | জনাব আব্দুল্লাহ, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফেঞ্চুগঞ্জ |
| ১২ | জনাব বাঁধন কান্তি সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি |
| ১৪ | জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৫ | জনাব লাকী রানী দে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি, ফেঞ্চুগঞ্জ |
| ১৭ | জনাব ইকবাল হোসেন, পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ |
| ১৮ | জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৯ | জনাব রুবিনা আক্তার, তথ্যসেবা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ২০ | জনাব নাহিদ হাসান চৌধুরী, জেলা পরিষদ সদস্য |

অনুপস্থিত অফিসারের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি |

অনুপস্থিত জনপ্রতিনিধিদের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ বদরুদোজ্জা, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব লেইচ চৌধুরী, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া, ইউপি, ফেঞ্চুগঞ্জ |

স্মারক নং ঃ উপকা/ফেঞ্চু/২০২২-২৪২

তারিখ ঃ ১৬-জানুয়ারি ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশা.সকের কার্যালয়, সিলে
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৮. উপজেলা............................................ অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
১০. জনাব ..............................................., সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

১৬/১/২৩

সীমা শারমিন
উপজেলা নিবার্হী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ফেঞ্চুগঞ্জ, সিলেট
০২৯৯-৬৬৪৬৭০২
০১৭৩০৩৩১০৩৪